গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
কল্যাণ-১ শাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

স্মারক নং-৪৮.০০.০০০০.০১০.১৯.৬৪.২২-৫

তারিখ : ১২ মাঘ ১৪৩১ / ২৬ জানুয়ারি ২০২৫

# পরিপত্র

বিষয়: বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা প্রদানের নিমিত্ত হাসপাতাল কর্তৃপক্ষের চাহিদা অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। বরাদ্দকৃত অর্থ ব্যয়পূর্বক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর অফিসিয়াল ওয়েবসাইট (www.molwa.gov.bd) এ প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত যে সকল বীর মুক্তিযোদ্ধার ১১ ডিজিটের ইউনিক এমআইএস নম্বর ০১......... দিয়ে শুরু শুধুমাত্র সে সকল বীর মুক্তিযোদ্ধাগণই এ চিকিৎসা সুবিধা প্রাপ্য হবেন। সমন্বিত তালিকাভুক্ত অন্য সিরিজের MIS নম্বর বিশিষ্ট বীর মুক্তিযোদ্ধাগণ (অর্থাৎ যুদ্ধাহত বা খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাগণ) এ বরাদ্দের আওতায় চিকিৎসা সুবিধাদি প্রাপ্য হবেন না।

০২। একইসাথে হাসপাতালে ভর্তিকৃত রোগীর পাশাপাশি আউটডোর (ওপিডি) রোগীর অর্থাৎ উভয় ধরনের রোগীকে (সমন্বিত তালিকাভুক্ত ০১......... সিরিজের বীর মুক্তিযোদ্ধাকে) এ মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত অর্থ ব্যয়পূর্বক বিদ্যমান নীতিমালা ও পরিপত্রের আলোকে চিকিৎসা সুবিধা প্রদান নিশ্চত করতে হবে।

২৬/০১/২০২৫
(এ এইচ এম মহসীন রেজা)
সিনিয়র সহকারী সচিব
টেলিফোন: ২২৩৩৫৪৬৬৬

বিতরণ:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, ..............................................................................................................;
২। মহাসচিব, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট, মিরপুর-২, ঢাকা;
৩। মহাপরিচালক, বারডেম জেনারেল হাসপাতাল, শাহবাগ, ঢাকা;
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউ, শাহবাগ, ঢাকা;
৫। তত্ত্বাবধায়ক, ..............................................................................................................;
৬। সিভিল সার্জন,..............................................................................................................;
৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ...................................................................।

অনুলিপি:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৩। যুগ্মসচিব (কল্যাণ-১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৪। বিভাগীয় পরিচালক(স্বাস্থ্য) (সকল)........................................(সংশ্লিষ্টদের এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
৫। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৬। সিস্টেম এনালিষ্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।